JAN. 1 7 200

# রাবি'তে সিন্ডিকেট ডিন ও শিক্ষা পরিষদের ১৯ পদে প্রার্থী ৩৭

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

রাজশাহী বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের প্রতিনিধি, ডিন, শিক্ষা পরিষদসহ গুরুত্বপূর্ণ ১৯টি পদে প্রতিদ্বন্দ্বিতার জন্য দুই প্যানেলভুক্ত মোট ৩৭ জন প্রার্থী মঙ্গলবার মনোনয়নপত্র দাখিল করেছেন।

আওয়ামী লীগ ও বামপন্থী শিক্ষকরা হলুদ এবং বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষকরা সাদা প্যানেলে প্রতিদ্বন্দ্বিতা করছেন। সিন্ডিকেটের ৫টি শিক্ষক প্রতিনিধি পদের হলুদ প্যানেলের প্রার্থীরা হলেন- প্রাধ্যক্ষ ক্যাটাগরিতে অধ্যাপক মোখলেসুর রহমান, অধ্যাপক মোঃ মোজাফফর হোসেন, ড. রফিকুল ইসলাম (ফ্যাইন্যান্স ও ব্যাংকিং), মোঃ ফায়েক উজ্জামান ও প্রভাষক প্রণব কুমার পাণ্ডে। সাদা প্যানেলের প্রার্থীরা হলেন- প্রাধ্যক্ষ ড. মামনুনুল কেরামত, অধ্যাপক আবদুল কাদির ভূঁইয়া, রফিকুল ইসলাম (অর্থনীতি), এনামুল হক ও প্রভাষক আবদুল হক।

সদ্য চালু হওয়া কৃষি অনুষদের ডিন পদে হলুদ প্যানেলের অধ্যাপক আবদুল খালেক বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। হলুদ প্যানেল থেকে অন্যান্য অনুষদের ডিন প্রার্থীরা হলেন- কলা অনুষদে অধ্যাপিকা খানম মমতাজ আহমদ, সামাজিক বিজ্ঞান অনুষদে অধ্যাপক আবদুর রহমান, বিজ্ঞান অনুষদে ড. আবদুল জলিল মিয়া, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদে অধ্যাপক নিশীথ কুমার পাল, বিজনেস স্টাডিস অনুষদে অধ্যাপক আবদুল মজিদ ও আইন অনুষদে অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান। এই পদে সাদা প্যানেলের প্রার্থীরা হলেন- কলা অনুষদে অধ্যাপক মোঃ শাহজাহান, সামাজিক বিজ্ঞান অনুষদে ড. আবদুর রহমান সিদ্দিকী, বিজ্ঞান অনুষদে ড. ফাইসুল ইসলাম ফারুকী, বিজনেস স্টাডিস অনুষদে ড. মুঃ আমানুল্লাহ, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদে অধ্যাপক আবদুস সামাদ এবং আইন অনুষদে ড. রবিউল হোসেন।

শিক্ষা পরিষদে হলুদ প্যানেলের ছয় প্রার্থী হলেন- আনসার উদ্দিন, ড. আকতার ফারুক, ড. আবু তাহের, ড. সরকার সুজিত কুমার, ড. আবু ইউনুস খান, মোঃ জাহাঙ্গীর, মজিবুল হক ও আজাদ খান। এই পদে সাদা প্যানেলের প্রার্থীরা হলেন- আবদুল ওয়াহেদ, মতিয়ার রহমান, নূরুল ইসলাম, নির্ঝর রহমান, শরিফুল ইসলাম ও মঞ্জুরুল আলম। পরিকল্পনা ও উন্নয়ন কমিটিতে হলুদ প্যানেলে অধ্যাপক শাহ আলম ও সাদা প্যানেলে অধ্যাপক আবদুল আজিজ মিয়া মনোনয়নপত্র জমা দিয়েছেন।

এদিকে শিক্ষক সমিতি নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের শেষদিন বুধবার হলুদ প্যানেল থেকে অধ্যাপক মিজান উদ্দিন ও ড. সফিকুন্নবী সাজাদী এবং সাদা প্যানেলে অধ্যাপক কেএএম শাহাদাত মণ্ডল ও ড. জগলুল হায়দার যথাক্রমে সভাপতি ও সাধারণ সম্পাদক পদের জন্য মনোনয়নপত্র দাখিল করেন। ১৮ জানুয়ারি মনোয়নপত্র প্রত্যাহারের শেষদিন চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। ২৫ জানুয়ারি সকাল ৮টা থেকে বেলা ১টা পর্যন্ত ভোটগ্রহণ চলবে।

# রাবি'র ছাত্রী 'অপহরণ' নিয়ে রহস্যের সৃষ্টি

**রাজশাহী ও রাবি প্রতিনিধি**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের দ্বিতীয় বর্ষের এক ছাত্রীকে কথিত অপহরণ চেষ্টা নিয়ে রহস্যের সৃষ্টি হয়েছে। এই ঘটনায় ভিকটিম সঙ্গীতা সিদ্দিকী বাদী হয়ে সোমবার রাতে মতিহার থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেছে। মামলার অভিযোগ অনুসারে অভিযুক্ত ইকবাল হোসেন লাবু ও তার সহযোগীরা ১৫ জানুয়ারি সন্ধ্যার দিকে ভিকটিমকে বিশ্ববিদ্যালয়ের রাকসু ভবন এলাকা থেকে অপহরণের চেষ্টা করে। ঘটনাস্থলে উপস্থিত বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের কর্মীদের প্রতিরোধে অপহরণ চেষ্টা ব্যর্থ হয়। তারাই লাবুকে পরে পুলিশে দেয়। গতকাল মঙ্গলবার লাবুকে আদালতে হাজির করলে তাকে জেল-হাজতে পাঠানো হয়। লাবু নগরীর শিরোইল এলাকার বাসিন্দা অবসরপ্রাপ্ত এক ব্যাংক কর্মকর্তার ছেলে। সে নিউমার্কেটের এক পোশাক দোকানের কর্মচারী। জিজ্ঞাসাবাদে পুলিশ ও সাংবাদিকদের লাবু বলেছে, সঙ্গীতা ওরফে ঝুলনের সঙ্গে তার দুই বছরের 'সম্পর্ক'। ১৫ জানুয়ারি সে ঝুলনের সঙ্গে দেখা করতে গেলে রহস্যজনক কারণে ঝুলনের বন্ধুরা তাকে পুলিশে দেয়।